Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 10 May, 2025

চট্টগ্রাম নগরীর রেলওয়ের পলোগ্রাউন্ডে তারুণ্যের মহাসমাবেশে দলে দলে যোগ দিচ্ছেন বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মী-সমর্থকরা।বিপুল উৎসাহ-উদ্দীপনায় বিভিন্ন এলাকা থেকে আসছেন তারা।এতে টাইগার পাস এলাকা থেকে কদমতলী এলাকায় যানবাহন চলাচলে বিঘ্ন ঘটছে।

শনিবার (১০ মে) দুপুর ২টা থেকে ৩টা পর্যন্ত নগরীর ডিটিরোড থেকে দেওয়ানহাট হয়ে পলোগ্রাউন্ডের এ সমাবেশে নেতাকর্মীদের মিছিল সহকারে আসতে দেখা যায়।

দেখা গেছে, ছাত্র-শ্রমিকসহ বিভিন্ন শ্রেণি-পেশার সমর্থক ভিড় করছেন।কেউ হেঁটে, কেউ বাসে আর কেউ ট্রাকে করে আসছেন। কেউ আবার ঢাক-ঢোলের তালে তালে। তাদের অনেকে সরাসরি পলোগ্রাউন্ডের দিকে চলে গেলেও কিছু টাইগারপাস মোড়ে জড়ো হচ্ছেন। বড় আকারের মিছিল নিয়ে যাওয়ার উদ্দেশ্যে তারা টাইগারপাসে এক হচ্ছেন বলে জানান নেতাকর্মীরা।

মূলত মহাসমাবেশ তারুণ্যের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে বলা হলেও তাতে বিপুল উৎসাহ-উদ্দীপনায় দলটির নেতা-কর্মী-সমর্থকদের যোগ দিতে দেখা গেছে।

চট্টগ্রাম মহানগর যুবদলের সাবেক সভাপতি মোশারফ হোসেন দিপ্তী বলেন, ‘তরুণদের সামনে রেখে আমাদের মূল লক্ষ্য এক কোটি তরুণ ভোটারকে উদ্বুদ্ধ করা। একইসঙ্গে রাজনীতি, অর্থনীতি, ব্যবসা-বিনিয়োগ ও শিল্পায়নে তরুণ সমাজের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত

করাও আমাদের উদ্দেশ্য।

চট্টগ্রাম মহানগর যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ শাহেদ বলেন, ‘কয়েক সপ্তাহ ধরে যুবদল, ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দল শহরের প্রত্যেক ওয়ার্ডে প্রচারণা চালিয়েছে।তরুণ-যুবকদের কাছ থেকে আমরা ভালোই সাড়া পেয়েছি।পলোগ্রাউন্ড থেকে লাখো তরুণ বিএনপির প্রতি তাদের সমর্থন জানাবে’।

প্রসঙ্গত, এই মহাসমাবেশে প্রধান অতিথি থাকবেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। উপস্থিত থাকবেন দলটির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী। এছাড়া লন্ডন থেকে ভার্চুয়ালি যুক্ত হবেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

বিএনপি সমাবেশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 14:37

URL: https://timestodaybd.com/chittagong/2247775807